## রূপকল্প

সাশ্রয়ী, সার্বজনীন এবং নির্ভরযোগ্য ডাক সেবা।

## অভিলক্ষ্য

প্রাতিষ্ঠানিক উন্নয়ন ও আধুনিক প্রযুক্তি অভিযোজনের মাধ্যমে সাশ্রয়ী, মানসম্পন্ন ও আন্তর্জাতিক মানের ডাকসেবা নিশ্চিতকরণ।তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সাথে তাল মিলিয়ে স্বল্প সময়ে এবং স্বল্প খরচে জনগণের দোরগোড়ায় ডাক সুবিধা পৌছে দেয়ার মাধ্যমে গ্রাহক সন্তুষ্টি অর্জন করা এবং সততা, বিশ্বস্ততা ও জনসেবার ব্রত নিয়ে ভৌত, আর্থিক,ইলেকট্রোনিকসহ সব ধরনের মানসম্মত সার্ভিস প্রদান করার মাধ্যমে বাংলাদেশ ডাক বিভাগকে বিশ্বমান সম্পন্ন প্রতিষ্ঠানে উন্নীত করা। দেশের অভ্যন্তরে ও বিদেশে উচ্চমান সম্পন্ন ডাকসেবা প্রদানের মাধ্যমে গ্রাহক সন্তুষ্টি অর্জন। গ্রাহক চাহিদা পূরণের জন্য নিবেদিত হওয়া। দক্ষ ও বিশ্বস্ত সেবা দানের লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা। কর্মচারীদের মাঝে সেবা প্রদানের প্রতিযোগিতামূলক মনোভাব এবং সেবা প্রদানের ক্ষেত্রে গ্রাহকের সাথে সম্মানজনক আচরন করা। দেশের সামাজিক অর্থনৈতিক অবস্থার প্রতি লক্ষ্য রেখে প্রতিষ্ঠান পরিচালনা করা। এলাকাভেদে দেশের সকল স্তরে মানসম্মত সেবা প্রদান করা